平等機會委員會
EQUAL OPPORTUNITIES COMMISSION

যৌন হয়রানি প্রতিরোধ

বিদেশী গার্হস্থ্য কর্মী এবং তাদের নিয়োগকারীদের জন্য একটি নির্দেশিকা

(Bengali)

I. ভূমিকা

বিদেশী গার্হস্থ্য কর্মীদের জন্য (foreign domestic workers, FDWs) কর্মস্থলে যৌন হয়রানি একটি সাধারণ সমস্যা হয়ে আছে, বিশেষ করে যেহেতু তারা একটি ব্যক্তিগত পারিবারিক পরিবেশে কাজ করেন। 2014 সালে ইক্যুয়াল অপরচুনিটি কমিশন (EOC) দ্বারা করা একটি সমীক্ষায় দেখা গিয়েছিল যে **6.5%** FDW কর্মীরা **গত** 12 **মাস ধরে** যৌন হয়রানির সম্মুখীন হয়েছিলেন। নিয়োগকারী এবং পরিবারটির অন্যান্য সদস্যরা ছিলেন যৌন হয়রানির সবচেয়ে পরিচিত অপরাধী।

কর্মস্থলে যৌন হয়রানি বেআইনি। সেক্স ডিসক্রিমিনেশন অর্ডিন্যান্স (SDO) বিদেশী গার্হস্থ্য কর্মী সহ প্রত্যেককে যৌন হয়রানি এবং যৌনভাবে প্রতিকূল কাজের পরিবেশ থেকে রক্ষা করে। তাছাড়া কর্মস্থলকে যৌন হয়রানি মুক্ত করার বাধ্যবাধকতাও নিয়োগকারীদের থাকে।

কর্মীদের জন্য:

II. সেক্স ডিসক্রিমিনেশন অর্ডিন্যান্সের (SDO) অধীনে আপনার অধিকারগুলি জানুন

যৌন হয়রানি বলতে সাধারণত বোঝায় অবাঞ্ছিত যৌন মনোযোগ। আইনত দুই ধরনের যৌন হয়রানি আছে:

(1) যৌন প্রকৃতির কোনো অযাচিত আচরণ এমন পরিস্থিতিতে যা একজন যুক্তিসঙ্গত ব্যক্তির কাছে আপনার জন্য বিরক্তিকর, অপমানজনক অথবা ভীতিপ্রদ বলে বিবেচিত হবে।

উদাহরণ: স্পর্শ করা, যৌন বিষয়ে কথা বলা, যৌনতাপূর্ণ শব্দ করা বা অঙ্গভঙ্গি করা, কাউকে স্পর্শ করতে বলা, বা কাউকে যৌন সহবাস করতে বলা।

(2) যৌনভাবে প্রতিকূল কাজের পরিবেশ হল যেখানে যৌন প্রকৃতির কাজকর্ম করা হয়, ভাষা বলা হয় বা ছবি থাকে।

উদাহরণ: পরিবারের একজন সদস্য বাড়িতে বা আপনি কাজ করার সময়ে পর্ণগ্রাফি দেখছেন, বা আপনার সামনে জামাকাপড় খুলছেন, যা আপনার মনে ভীতির সঞ্চার করছে।

গার্হস্থ্য কর্মীদের জন্য যৌন হয়রানির বিরুদ্ধে কর্মস্থলের সুরক্ষাদান নিম্নলিখিত ক্ষেত্রে প্রযোজ্য হয়:

- উভয় লিঙ্গের ক্ষেত্রেই, যার মধ্যে আছে বিপরীত লিঙ্গ এবং সম লিঙ্গ ব্যক্তির হয়রানি;
- বাড়িটিতে বসবাসকারী সকল ব্যক্তির দ্বারা হয়রানি;

এমনকি যখন:

- হয়রানিটি অনিচ্ছাকৃত ছিল, শুধুমাত্র একবারঘটেছে, বা কেউ ঘটনাটি ঘটতে দেখেননি তাহলেও;
- আপনি অতীতের হায়রানিতে অনিচ্ছাকৃতভাবে আত্মসমর্পণ করেছিলেন, অথবা তারপরেও নিয়োগকারীর কাছে কাজ করা অব্যাহত রেখেছিলেন।

বক্স 1: আমি আমার নিয়োগকারীর দ্বারা যৌনরূপে নিগৃহীত হয়েছিলাম। আমি তাকে থামতে বলেছিলাম না হলে আমি EOC এর কাছে অভিযোগ দায়ের করব। কয়েক দিন পরে তিনি আমার চুক্তিটি বাতিল করে দিয়েছিলেন। EOC কি আমাকে সাহায্য করতে পারে?

A: হ্যাঁ, আপনি SDO এর অধীনে অভিযোগ দায়ের করা বা দায়ের করতে চাওয়ার কারণে আপনার সাথে যদি প্রতিকূল আচরণ করা হয়, তাহলে আপনি এই আইনের অধীনে সুরক্ষিত এবং EOC এর কাছে যৌন হয়রানি এবং "প্রতিশোধমূলক নিপীড়ন" এর একটি অভিযোগ দায়ের করতে পারেন। আপনি যদি অন্য কাউকে SDO এর অধীনে অভিযোগ দায়ের করতে বা আইনি পদপক্ষেপ নিতে সহায়তা করেন, যেমন একজন সাক্ষীর ভূমিকায় অবতীর্ণ হয়ে, এবং সেই কারণে আপনার সাথে প্রতিকূল আচরণ করা হলেও আপনি আইনের দ্বারা সুরক্ষিত।

পণ্যসামগ্রী, ব্যবস্থাপনা, ও পরিষেবাগুলির ক্ষেত্রে যৌন হয়রানির বিরুদ্ধেও SDO সুরক্ষাদান করে। একজন পরিষেবা প্রদানকারীর পক্ষে তাঁর ক্রেতাকে যৌনরূপে হায়রানি করা বেআইনি, এবং উল্টোটিও প্রযোজ্য।

বক্স 2: যৌন হয়রানি একটি দেওয়ানি অপরাধ যা SDO এর অধীনে বেআইনি ধার্য করা হয়েছে। অপরাধগুলির প্রকৃতি ও গুরুত্ব অনুসারে কিছু কিছু যৌন হয়রানিমূলক কাজকর্ম, যেমন উত্যক্ত করা বা ধর্ষণের ক্ষেত্রে অপরাধমূলক শাস্তিও হতে পারে।

III. আপনি যৌন হয়রানির সম্মুখীন হলে কী করবেন?

- **নিগ্রহকারীকে 'না' বলুন।**
- **আপনার নিয়োগকারী যদি নিগ্রহকারী না হন, তাহলে নিয়োগকারীর কাছে একটি অভিযোগ দায়ের করুন।** আপনার নিয়োগকারীকে অনুরোধ করুন যেন তিনি অভিযোগটিকে গুরুত্বের সাথে ও ন্যায্যভাবে বিবেচনা করেন।
- **কী ঘটেছিল তা লিখে রাখুন, বিবরণ সহ যেমন তারিখ, সময়, এবং ঘটনাটি কোথায় ঘটেছিল। হেনস্থা**কারি ব্যক্তিটি কী বলেছিলেন এবং কী করেছিলেন, সেই সাথে ঘটনাটির সময়ে কে কে উপস্থিত ছিলেন তাও অন্তর্ভুক্ত করুন।
- **আপনার বন্ধু, কোনও NGO, শ্রমিক ইউনিয়ন, কনস্যুলেট-জেনারেল বা অন্যান্য সংস্থাগুলির থেকে সহায়তা নিন।**
  www.eoc.org.hk ওয়েবসাইটে EOC ' র যৌন হয়রানি-বিরোধী সংস্থানগুলির ওয়েবপেজ এবং সহায়ক লিঙ্ক ও সহায়ক সংস্থাগুলির তথ্যগুলি দেখুন।
- **EOC এর কাছে একটি অভিযোগ দায়ের করুন বা ডিস্ট্রিক্ট আদালতে দেওয়ানি মামলা রুজু করুন।**
  ঘটনাটি ঘটার তারিখের 12 মাসের মধ্যে EOC এর কাছে একটি অভিযোগ দায়ের করা যেতে পারে। ঘটনাটি ঘটার 24 মাসের মধ্যে আইনি মামলা রুজু করা উচিত।
- **ঘটনাটি যদি অশ্লীল লাঞ্ছনা বা ধর্ষণসম্পর্কিত হয়, তাহলে পুলিশের কাছে সাহায্য চাইতে পারেন।** এছাড়াও কিছু ধরনের হয়রানি, যেমন অশ্লীল লাঞ্ছনা (যৌন প্রকৃতির অ-সম্মতিসূচক কাজ/আচরণ, উদাহরণস্বরূপ: জোর করে স্পর্শ করা, চুম্বন বা মৌখিক যৌনতা), ইত্যাদিও অপরাধমূলক কাজ হিসাবে গণ্য হতে পারে। উক্ত ঘটনার শিকার ব্যক্তিরা ঘটনাটি পুলিশের কাছে রিপোর্ট করার বা অন্যান্য সংস্থাগুলি থেকে সহায়তা চাওয়ার কথা বিবেচনা করতে পারেন। একই সাথে EOC কাছেও একটি অভিযোগ দায়ের করা যেতে পারে।

নিয়োগকারীদের জন্য:

IV. SDO এর অধীনে আপনার দায়িত্বগুলি উপলব্ধি করা

গার্হস্থ্য কর্মীদের নিয়োগকারীদের এটি সুনিশ্চিত করার দায়িত্ব আছে যে তাদের বাড়িটি যেন একটি যৌন হয়রানি-মুক্ত কর্মস্থল হয়।

নিয়োগকারীরা এবং সেই সাথে বাড়িটিতে বসবাসকারী সকল ব্যক্তি যদি তাদের গার্হস্থ্য কর্মীকে যৌনরূপে নিগ্রহ করেন তাহলে তারা স্বতন্ত্রভাবে দায়ী হতে পারেন। যে নিয়োগকারীদের বাড়িতে একের চেয়ে বেশি গার্হস্থ্য কর্মী আছেন এবং তাদের মধ্যে একজন গার্হস্থ্য কর্মী যদি অন্য সহকর্মীকে যৌনরূপে নিগ্রহ করেন, সেক্ষেত্রেও নিয়োগকারীরা প্রতিনিধিরূপে সেই অপরাধের জন্য দায়ী হতে পারেন, এমনকি তারা যদি যৌন নিগ্রহটি সম্পর্কে অবগত না হন তাহলেও, বিশেষত তারা যদি না দেখাতে পারেন যে এই ধরনের কাজ প্রতিরোধ করার জন্য তারা উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করেছেন।

বক্স 3: আমার FDW আমাকে জানিয়েছিলেন যে তিনি এমন একজন অতিথির দ্বারা যৌনরূপে নিগৃহীত হয়েছিলেন যিনি বাড়িটিতে বাস করেন না। আমার কি করা উচিত?

A: আপনাকে যদি হয়রানিটি সম্পর্কে জানানো হয়ে থাকে এবং আপনি যদি নিরপেক্ষভাবে অভিযোগটি মোকাবিলা করার জন্য কোনো যুক্তিসঙ্গত পদক্ষেপ না নিয়ে থাকেন, তাহলে সেই বেআইনি কাজটিতে সহায়তা করার জন্য আপনি দায়ী বিবেচিত হতে পারেন।

কোনও কর্মী যৌন হয়রানির একটি অভিযোগ দায়ের করায় বা দায়ের করার পরিকল্পনা করার কারণে নিয়োগকারীদের তাদের গার্হস্থ্য কর্মীদের উপরে প্রতিশোধমূলক নিপীড়ন করাও বেআইনি, যেমন তাদের সাথে প্রতিকূল আচরণ করা বা তাদের চুক্তি বাতিল করা।

কর্মীদের যুক্ত রাখা ও কাজে বহাল রাখার জন্য অত্যাবশ্যক হলো একটি সৌহার্দ্যপূর্ণ নিয়োগকারী-কর্মচারী সুসম্পর্ক বজায় রাখা, এবং EOC-এর পক্ষ থেকে নিয়োগকারীদেরকে বাড়িতে একটি সম্মানের সংস্কৃতি সৃষ্টি করার ক্ষেত্রে অগ্রণী পদক্ষেপ নেওয়ার জন্য উৎসাহিত করা হয়। । এর মধ্যে রয়েছে পারিবারের সকল সদস্য ও কর্মী যে আইনের অধীনে তাদের অধিকার ও দায়িত্বগুলি সম্পর্কে অবগত আছেন তা সুনিশ্চিত করা, এবং যৌন হয়রানি সংক্রান্ত যে কোনো অভিযোগের মোকাবিলা ন্যায্যভাবে ও অবিলম্বে করা।

V. EOC এর কাছে একটি অভিযোগ দায়ের করা

ঘটনাটি ঘটার তারিখের 12 মাসের মধ্যে EOC এর কাছে লিখিতভাবে একটি অভিযোগ দায়ের করা উচিত। অভিযোগগুলি অনলাইনে, বা ডাক, ফ্যাক্স, ই-মেলের মাধ্যমে, বা ব্যক্তিগতভাবে জমা দেওয়া যেতে পারে। আপনার যদি ভাষাগত সমস্যা থাকে, তাহলে আপনার অনুরোধের ভিত্তিতে আমরা আপনাকে একজন দোভাষীও প্রদান করতে পারি।

অভিযোগটি পাওয়ার পরে, EOC একটি প্রাথমিক মূল্যায়ন করবে, এবং পক্ষগুলিকে জিজ্ঞাসা করবে যে তারা "গোড়াতেই মিটমাট" করার পন্থার মাধ্যমে তদন্তের আগে তাদের বিবাদের মীমাংসা করতে চান কিনা। অন্যথায়, EOC অভিযোগটির তদন্ত করতে পারে এবং মিটমাটের দ্বারা মীমাংসা করতে উৎসাহ দিতে পারে। আইনের অধীনে, EOC একটি তদন্ত না করার বা স্থগিত করার সিদ্ধান্তও নিতে পারে।

যদি মীমাংসায় পৌঁছানো না যায়, তাহলে অভিযোগকারী অন্য ধরনের সহায়তার জন্য আবেদন করতে পারেন, যার অন্তর্ভুক্ত হল EOC এর কাছ থেকে পাওয়া আইনি সহায়তা।

VI. আমাদের সঙ্গে যোগাযোগ করুন

ইক্যুয়াল অপরচুনিটি কমিশন
16/F, 41 Heung Yip Road, Wong Chuk Hang, Hong Kong

হটলাইন: 2511 8211

ফ্যাক্স: 2511 8142

ইমেল: eoc@eoc.org.hk

SMS অনুসন্ধান পরিষেবা: 6972566616538 (শ্রবণের অক্ষমতা/কথা বলার সমস্যা থাকা ব্যক্তিদের জন্য)

ওয়েবসাইট: www.eoc.org.hk

অফিসের সময়: সোমবার থেকে শুক্রবার সকাল 8:45am থেকে বিকেল 5:45 pm পর্যন্ত

(অনুরোধক্রমে দোভাষী পরিষেবার বন্দোবস্ত করা যেতে পারে, যা উপস্থিতির উপর নির্ভরশীল)

EMbRACE

Respect, value, support racial equality

種族平等•由尊重開始

A Campaign by the Equal Opportunities Commission

由平等機會委員會推動

平等機會委員會
EQUAL OPPORTUNITIES COMMISSION

ঠিকানা **Address**	: 香港黃竹坑香葉道 41 號 16 樓 16/F, 41 Heung Yip Road Wong Chuk Hang, Hong Kong.
হটলাইন **Tel**	: 852-2511 8211
ফ্যাক্স **Fax**	: 852-2511 8142
ইমেল **Email**	: eoc@eoc.org.hk
ওয়েবসাইট **Website**	: www.eoc.org.hk
SMS অনুসন্ধান পরিষেবা	: 6972566616538
SMS service	: (শ্রবণের অক্ষমতা/কথা বলার সমস্যা থাকা ব্যক্তিদের জন্য For people with hearing impairment/speech difficulties)

EOC এর কাজ সম্পর্কে তথ্য EOC'র মোবাইল অ্যাপের মাধ্যমে পাওয়া যেতে পারে:

Information about the work
of the EOC can be accessed via the EOC mobile apps:

Download on the App Store — Download EOC iPhone App

ANDROID APP ON Google play — Download EOC Android App